চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৬ জুলাই ২০১৭ খ্রি.

৯ নং ওয়ার্ডে টর্নেডোর আঘাতে ক্ষতিগ্রস্থ ২৪ পরিবার ও মন্দির নির্মাণে অনুদান প্রদান এবং পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজ এর নব নির্মিত ৭ তলা ভবন, মাল্টি মিডিয়া ক্লাস উদ্বোধন এবং একাদশ শ্রেনীর ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন দূর্যোগ ও দূর্বিপাকে বিপদগ্রস্ত নগরবাসীর পাশে সাহায্যের হাত নিয়ে সব সময় অপেক্ষায় থাকবে। সেবার অংশ হিসেবে ক্ষতিগ্রস্তদের সাহায্যে পাশে থাকবে চসিক। তিনি বলেন, অতীতে নামমাত্র ৫ শত টাকা অনুদান দেয়ার বিধানকে পরিবর্তন করে ২ হাজার টাকায় উন্নিত করা হয়েছে। এবারই প্রথম টর্নেডোর আঘাতে ক্ষতিগ্রস্তদের জন্য মাথাপিছু ৫ হাজার টাকা করে অনুদান দিলো চট্টগ্রাম সিটি কর্পোরেশন যা সিটি কর্পোরেশনের ইতিহাসে নজির বিহীন উদাহরন। মেয়র বলেন, আমার বেতন ভাতার পুরোটা গরীব, দুঃস্থ ও অসহায় মানুষের সেবায় ব্যয় করি। দিনরাত পরিশ্রম এর বিনিময়ে উপার্জিত অর্থের একটি টাকাও নিজের কল্যাণে বা স্বার্থে ব্যয় না করে পুরোটাই অটিজম,প্রতিবন্ধী, গরীব শিক্ষার্থী এবং অসহায় মানুষের কল্যাণে ব্যয় করে যাচ্ছি। তিনি বলেন, অসহায় মানুষের প্রতি মমত্ববোধ ও দায়বদ্ধতা থেকে এ সিদ্ধান্ত বাস্তবায়ন করে যাচ্ছি। তারপরও নিন্দুকদের প্রতিহিংসার কাছে প্রতিনিয়ত প্রশ্নের সম্মুখিন হতে হয়। অতীতে যারা সিটি কর্পোরেশনের দায়-দায়িত্বে ছিলেন তাদের কেউ এ ধরনের সেবায় তাদের বেতন-ভাতা ব্যয় করেছে- সে ধরনের নজির আমার জানা নেই। তারপরও এক শ্রেনীর মানুষ উদ্দেশ্য প্রনোদিত হয়ে না পাওয়ার বেদনা থেকে- মানসিক যন্ত্রনা থেকে নানা ধরনের কু-রুচিপূর্ণ কথাবার্তা বলে জনমনে বিভ্রান্তি সৃষ্টির প্রয়াস চালিয়ে চসিক এর মেয়রকে প্রশ্নবিদ্দ করার চেষ্টা করছে- যা একজন সুস্থ মানুষের পক্ষে মেনে নেয়া খুবই কঠিন ও কষ্টদায়ক। আমি আশা করি, সেবার মানসিকতা যাদের আছে, যারা হৃদয় দিয়ে মানুষের দুঃখ দুর্দশা অনুধাবন করতে পারে, তারা সকলেই মানব কল্যানে-মানুষের পাশে দাঁড়াবে এবং সেবার হাত বাড়িয়ে দেবে। ১৬ জুলাই ২০১৭ খ্রি. বিকেলে নগরীর পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজ মাঠে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর উদ্যোগে ৯নং ওয়ার্ডে টর্নেডোর আঘাতে ক্ষতিগ্রস্থ ২৪ পরিবার ও করুনাময়ী কালী মন্দির নির্মাণে অনুদান প্রদান এবং পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজ এর নব নির্মিত ৭ তলা ভবন, মাল্টি মিডিয়া ক্লাস উদ্বোধন এবং একাদশ শ্রেনীর ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। ৯নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল আলম জসিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুদান প্রদান ও একাডেমিক ভবন উদ্বোধন অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, ৯নং ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মোস্তফা কামাল বাচ্চু, প্রিমিয়ার কলেজ এর অধ্যক্ষ আবু তৈয়ব চৌধুরী, পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো. জাহাঙ্গীর আলম, ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি অলি আহমদ, যুগ্ম সম্পাদক মুনছুর আলম, সংগঠনিক সম্পাদক মোশারফ হোসেন দুলাল ও মো. জসিম, ইউনিট আওয়ামীলীগের সভাপতি ও সাধারন সম্পাদক যথাক্রমে জুলফিকার আলী মাসুদ, আবদুল হান্নান মিয়া, জাহাঙ্গীর কবির নয়ন, আওয়ামীযুবলীগ নেতা আবু সুফিয়ান, আবু নোমান নাহিদ, মো. ওমর ফারুক, ছাত্রলীগ নেতা অরবিন সাকিব ইভান, মো. সাদ্দাম হোসেন, রুবেল আহমদ বাবু, মো. ফারুক ও নিয়াজ খান সহ অন্যরা। মেয়র আ জ ম নাছির উদ্দীন ফলক উম্মোচন করে পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজ এর নব নির্মিত ভবন উদ্বোধন করেন এবং টর্নেডোতে ক্ষতিগ্রস্ত করুনাময়ী কালী মন্দিরকে ৫০ হাজার টাকা এবং টর্নেডোতে ক্ষতিগ্রস্ত ২৪ পরিবারের মাঝে প্রতি পরিবারকে ৫ হাজার টাকা করে অনুদান প্রদান করেন। অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথির বক্তব্যে আরো বলেন, টর্নেডো দ্বারা ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চসিক এর তহবিল থেকে ৩৬ লক্ষ টাকা

ছাড়াও তাঁর নিজ তহবিল থেকে কয়েক লক্ষ টাকা অনুদান দেয়া হয়েছে। পাহাড়তলী গালর্স স্কুল এন্ড কলেজের উন্নত পরিবেশ প্রসঙ্গে মেয়র বলেন, খেলার মাঠ সহ উন্মুক্ত পরিবেশে পড়ালেখার সুযোগ সম্বলিত এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠান নগরীতে হাতে গোনা কয়েকটি আছে। মডেল এ শিক্ষা প্রতিষ্ঠানটিতে অধ্যয়নের সুবিধার্থে একাদশ শ্রেনী পর্যন্ত চালু করা হয়েছে। পর্য্যায়ক্রমে এ শিক্ষা প্রতিষ্ঠানটি বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত হতে পারে। তিনি বলেন, প্রায় ২ কোটি টাকা ব্যয়ে ৭ তলা ভবনটি উদ্বোধন হলো। আরোও একটি ৬ তলা ভবন নির্মানের পরিকল্পনা এ শিক্ষা প্রতিষ্ঠানের রয়েছে। এর ফলে শিক্ষার্থীদের লেখা-পড়া করার সুযোগ আরো বৃদ্ধি হলো। উল্লেখ্য যে, অত্র শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল পর্যায়ে ১৮শত শিক্ষার্থী সহ চলতি শিক্ষা বর্ষে একাদশ শ্রেনীতে প্রায় ৫০ জন শিক্ষার্থী লেখা পড়ার সুযোগ পাচ্ছে। যা অনেক শিক্ষা প্রতিষ্ঠানের চেয়েও বেশি তিনি এ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের সুযোগ গ্রহণ করার জন্য শিক্ষার্থীদের আহবান জানান।

চট্টগ্রাম- ১৬ জুলাই ২০১৭ খ্রি.

বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ হারুন উর রশিদ এর মৃত্যুতে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ হারুন উর রশিদ এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

চট্টগ্রাম- ১৬ জুলাই ২০১৭ খ্রি.

২৮ নং ওয়ার্ডে মোগলটুলি বাই লেইন উন্নয়ন কাজ উদ্বোধন করলেন ওয়ার্ড কাউন্সিলর আবদুল কাদের

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল থেকে প্রায় ১৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে ২৮ নং ওয়ার্ডের মোগলটুলি বাই লেইন। গতকাল ১৫ জুলাই ২০১৭ খ্রি. ফলক উম্মোচন করে উক্ত বাইলেইনের উন্নয়ণ কাজ উদ্বোধন করেন ২৮ নং ওয়ার্ড কাউন্সিলর আবদুল কাদের। এসময় স্থানীয় রাজনৈতিক ব্যক্তিদের মধ্যে হাজী নুরুল ইসলাম, আনোয়ার উদ্দিন, নাছির উদ্দীন কামাল, সিদ্দিক আলম বাবু, ওবায়দুল কবির মিন্টু, হাজী আবদুল মান্নান, দেলোয়ার রশিদ, ছাত্রনেতা রিমন। এছাড়াও চসিক প্রকৌশলী বিপ্লব দাশ, উপ সহকারী প্রকৌশলী রামেশ্বর চৌধুরী উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৬ জুলাই ২০১৭ খ্রি.

বাংলাদেশ আওয়ামীলীগের সাধারন সম্পাদক, সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়রের সৌজন্য সাক্ষাত

বাংলাদেশ আওয়ামীলীগের সাধারন সম্পাদক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সড়ক ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের এর সাথে চট্টগ্রাম সার্কিট হাউজে ১৬ জুলাই ২০১৭ খ্রি. সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে উভয়ে রাজনৈতিক বিষয় ছাড়াও চট্টগ্রাম এর সার্বিক উন্নয়নে মতবিনিময় করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা